

22909 - রোয়ার নিয়ত করার পদ্ধতি কি?

প্রশ্ন

একজন মানুষ কিভাবে রোয়ার নিয়ত করবে? কখন থেকে রোয়ার নিয়ত করা ফরয?

প্রিয় উত্তর

রোয়া রাখার দৃঢ় সংকল্প করার মাধ্যমে রোয়ার নিয়ত অর্জিত হয়। রম্যানের রোয়ার নিয়ত অবশ্যই প্রতিদিন রাত থেকে পাকাপোক করতে হবে। [স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র, (১০/২৪৬)]

“কোন কোন আলেমের ঘতে, যে রোয়াগুলো লাগাতরভাবে রাখা শর্ত সে রোয়াগুলোর নিয়ত প্রথমে একবার করলেই চলবে; যদি না কোন ওজরের কারণে রোয়া ভাঙা হয়, যদি রোয়া ভাঙা হয় তাহলে আবার নতুন করে নিয়ত করবে। এ অভিমতের ভিত্তিতে কেউ যদি রম্যানের প্রথম দিন রোয়া রাখার নিয়ত করে যে, সে গোটা মাস রোয়া রাখবে তাহলে এ নিয়তই যথেষ্ট; যদি না কোন ওজরের কারণে মাঝখানে কোন রোয়া ছুটে যায়। যেমন- কেউ রম্যানের মধ্যে সফরে গেল; সেক্ষেত্রে সে ব্যক্তি সফর থেকে ফেরত আসলে নিয়ত নবায়ন করে নিবে।

এটি অধিকতর শুন্দ অভিমত। কেননা আপনি যদি সকল মুসলিমকে জিজ্ঞেস করেন তখন তিনি আপনাকে বলবেন, আমি মাসের শুরু থেকে শেষ পর্যন্ত রোয়া রাখার নিয়ত করেছি। তাই, তিনি যদি আক্ষরিক অর্থে নিয়ত নাও করেন; বিধানগতভাবে নিয়ত হাতিল হয়েছে। কেননা, মূল অবস্থা হচ্ছে, রোয়া রাখার পরম্পরা বিস্তৃত না হওয়া। এ কারণে আমরা বলেছি, যদি কোন বৈধ ওজরের কারণে রোয়া রাখার পরম্পরা বিস্তৃত হয় তাহলে আবার নতুনভাবে নিয়ত করতে হবে। এ অভিমতের ব্যাপারে অন্তর প্রশান্ত হয়।”